# القرآن الكريم

# আল
# কুরআনুল
# করীম

## سُوْرَةُ الْفَاتِحَةِ مَكِّيَّةٌ وَّهِيَ سَبْعُ اٰيَاتٍ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ
رَبِّ الْعٰلَمِيْنَ ۙ۝
الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۙ۝ مٰلِكِ
يَوْمِ الدِّيْنِ ؕ۝ اِيَّاكَ نَعْبُدُ
وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ؕ۝ اِهْدِنَا الصِّرَاطَ
الْمُسْتَقِيْمَ ۙ۝ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ
عَلَيْهِمْ ۙ۬ غَيْرِ الْمَغْضُوْبِ
عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ۝ࣖ

# ১. সূরা ফাতিহা

## ৭ আয়াত, ১ রুকূ', মক্কী[১]

।। দয়াময় পরম দয়ালু আল্লাহ্‌র নামে ।।

১. সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক[২] আল্লাহ্‌রই,

২. যিনি দয়াময়, পরম দয়ালু,[৩]

৩. কর্মফল[৪] দিবসের মালিক।

৪. আমরা শুধু তোমারই 'ইবাদত করি, শুধু তোমারই সাহায্য প্রার্থনা করি,

৫. আমাদিগকে সরল পথ প্রদর্শন কর,

৬. তাহাদের পথ, যাহাদিগকে তুমি অনুগ্রহ দান করিয়াছ,

৭. তাহাদের পথ নহে যাহারা ক্রোধ-নিপতিত ও পথভ্রষ্ট।[৫]

---

১. যে সকল আয়াত ও সূরা হিজরতের পূর্বে অবতীর্ণ তাহা মক্কী হিজরতের পরে যাহা অবতীর্ণ তাহা মাদানী।

২. رب শব্দটির অর্থ প্রতিপালক, স্রষ্টা, সংরক্ষক, বিবর্ধক ও মালিক। যিনি প্রতিপালক তিনিই আদিতে স্রষ্টা, পরে সংরক্ষক ও বিবর্ধক। সুতরাং 'রব'-এর অনুবাদ প্রতিপালক করা হইয়াছে।

৩. আল্লাহ্‌র দান দুইভাবে প্রকাশিত ঃ (ক) আয়াস-নিরপেক্ষ—বিনা ক্লেশে জাতি-ধর্ম ও পাপী-পুণ্যবান নির্বিশেষে জীবমাত্রই যাহা লাভ করে, যথা-পানি, বায়ু, সূর্যকিরণ ইত্যাদি, (খ) আয়াসলভ্য–পরিশ্রমের বিনিময়ে জীব যাহা লাভ করে, যথা-ক্ষেতের ফসল, প্রাণীর আহার সংস্থান, আত্মার বিকাশ ইত্যাদি। আল্লাহ্‌র যে গুণ দ্বারা জীব প্রথমোক্ত অবদানগুলি লাভ করে তাঁহার সেই গুণবাচক নাম 'রাহমান', আর যে গুণ দ্বারা জীব শেষোক্ত দানগুলি লাভ করে আল্লাহ্‌র সেই গুণবাচক নাম 'রাহীম'।

৪. 'দীন' অর্থ ধর্ম, ন্যায়বিচার, বিধি-বিধান ও কর্মফল। এখানে দীন 'কর্মফল' অর্থে ব্যবহৃত হইয়াছে।

৫. এই সূরা পাঠশেষে آمين পড়া সুন্নাত, অর্থ 'কবুল কর'। শব্দটি সূরার অংশ নহে।